

উপজেলা সমবায় কার্যালয়, বরগুনা সদর, বরগুনা কর্তৃক সম্পাদিত সাম্প্রতিক কর্মকান্ডের বিবরণ

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক সরকারি কর্মসূচির আওতায় উন্নয়ন মেলাসহ যে কোনো সরকারি কর্মসূচিতে উপজেলা সমবায় কার্যালয় অংশগ্রহণ করে সাফল্য ও কৃতিত্বের পরিচয় দিয়েছে।

উপজেলা সমবায় কার্যালয়, বরগুনা সদর, বরগুনা কর্তৃক নিয়মিত ভাবে সমবায়ীদের কল্যানার্থে কার্য সম্পাদন করা হয়। আলোচ্য বর্ষে সমবায়ীদের সুবিধার্থে নিম্নবর্ণিত কর্মকান্ড সম্পাদিত হয়েছে।

বরগুনা সদর উপজেলার অধিকাংশ সমবায়ী স্বল্প শিক্ষিত। তারা তাদের অধিকার ও কর্তব্য সম্পর্কে সচেতন নন। সাধারণ সমবায়ীদের অধিকার রক্ষার্থে সমবায় বিভাগ, বরগুনা এর উদ্যোগে নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতির নির্বাচন পরিচালনায় সহযোগীতা প্রদানের মাধ্যমে সেপ্টেম্বর ২০২১ ইং মাস পর্যন্ত ১০ টি সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করা হয়েছে।

বরগুনা সদর সমবায়ীরা অধিকার ও কর্তব্য সম্পর্কে সচেতন নন। সাধারণ সমবায়ীদের অধিকার রক্ষার্থে সমবায় বিভাগ, বরগুনা এর উদ্যোগে নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতির সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানে সহযোগীতা প্রদানের মাধ্যমে সেপ্টেম্বর ২০২১ ইং মাস পর্যন্ত ৪৫টি সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান সম্পন্ন করা হয়েছে।

বরগুনা সদর উপজেলাধীন ০২ কেন্দ্রীয় ও ৩১১ টি প্রাথমিক সমবায় সমিতির মধ্যে ১৯৮টি কার্যকর ও ১১৩ টি অকার্যকর সমবায় সমিতি আছে। অকার্যকর সমবায় সমিতির মধ্যে ইতোমধ্যে ০৪টি প্রাথমিক সমবায় সমিতি কার্যকর বা পুনরুজ্জীবিত করা হয়েছে। অবশিষ্টগুলি নিবন্ধন বাতিলের প্রক্রিয়াধীন রয়েছে। উপজেলার কার্যকর প্রাথমিক সমবায় সমিতিগুলিকে সমবায় সমিতি আইন, বিধিমালা ও সংশ্লিষ্ট সমিতির নিবন্ধিত উপ-আইন অনুসারে সামগ্রিক সাংগঠনিক ও আর্থিক কার্যাদি সম্পাদনের ক্ষেত্রে একটি প্ল্যাট ফরমে নিয়ে আসা হয়েছে।

যেমন: নিয়মিত ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান, বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান, হালনাগাদ ব্যবস্থাপনা কমিটি(নির্বাচনের মাধ্যমে), সমিতির নামীয় ব্যাংক হিসাব খুলে যাবতীয় লেনদেন পরিচালনা করা, সমিতির মাধ্যমে বিভিন্ন উৎপাদনমুখী প্রকল্প গ্রহণ করে সেসব প্রকল্পে বিনিয়োগ করা, সদস্যদের আয়বর্ধক মূলক প্রকল্পে ঋণ বিনিয়োগ করা এবং বিনিয়োজিত ঋণের সর্বোচ্চ সঠিক ব্যবহার নিশ্চিত করা, সদস্যগণের মধ্যে নিয়মিত লভ্যাংশ বিতরণ করা, নিয়মিত শেয়ার ও সঞ্চয় আমানত আদায়ের প্রক্রিয়া অব্যাহত রাখা, সমিতির হিসাবাদি যথাযথভাবে হিসাবের খাতায় লিপিবদ্ধ রাখা, সমিতির সদস্যদের অতিরিক্ত মুনাফার প্রলোভন দেখিয়ে আমানত সংগ্রহ হতে বিরত রাখা, সদস্য নয় এমন কোন ব্যক্তির নিকট হতে ঋণ গ্রহণ ও ঋণ বিতরণ হতে বিরত রাখাসহ প্রভৃতি বিষয়ে সমবায় সমিতিগুলিকে নিয়মিত পরামর্শ প্রদানসহ মনিটরিং এর মধ্যে রাখা হয়েছে।